

- ১। নাহি আমার ভক্তি বল, কি দিয়ে তুষিব বল ।
প্রেমশূন্য দেহ হ'ল, কি করি তাই ভাবি বসি ॥
- ২। পাপে পাপে জারা জারা, দেহ হ'ল জীর্ণ জরা ।
ছয় জনেতে করল সারা, দহে অঙ্গ দিবা-নিশি ॥
- ৩। জনম ভরে করলেম মন্দ, কিসে পা'ব হরিচন্দ্র ।
কর্মে যে করেছি মন্দ, সে অপরাধ যাবে কিসি ॥
- ৪। পূর্ণচাঁদ আর অভয়চরণ, মহাসাধু তা'রা দুইজন ।
সার করেছে যুগল চরণ, প্রেমে মত্ত মন উদাসী ॥
- ৫। বলে দয়াল গোপালচন্দ্র, অভয় তোর কর্ম মন্দ ।
গেল না তোর কামের গন্ধ, অপরাধ হয়েছে বেশী ॥

—অভয়চরণ হালদার



৮৯ নং

তাল—একতালা

গুরু আমার কর্ম দোষে রইলাম প্রবাসে ।

আমি যে আশায় আসে এলাম এ দেশে,

বাদ পড়িল সে আশে ।

- ১। আর আমার সাথেৰ সাথী নাই, কেউ নাই আমার
আমার দুঃখের দুঃখী একা মাত্র হই ।
তোমার দয়া হয় মনে, তবে রেখ চরণে, থেক পাতকীর
হৃদয় বাসে ॥